

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫০১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রুকু' করার ইচ্ছা করার সময় উঠে দাঁড়াতেন

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا كَانَ يَقُومُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ قُعُودِهِ عِنْدَ إرادة الركوع

## আরবী

2501 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادِ النَّرْسِيُّ قَالَ: حَدَّثَنَا وُهَيْبُ بْنِ شَقِيقٍ عَنْ عَائِشَةَ قَالَ: حَدَّثَنَا وُهَيْبُ بْنُ شَقِيقٍ عَنْ عَائِشَةَ قَالَ: عَدَّثَنَا وُهَيْبُ بْنُ شَقِيقٍ عَنْ عَائِشَةَ قَالَ: سَأَلْتُهَا عَنْ صَلَاةٍ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ وَلَيْلًا طَوِيلًا قَاعِدًا وَلَيْلًا طَوِيلًا قَائِمًا فَإِذَا صِلَّى قَاعِدًا رَكَعَ قاعداً وإذا صلى قائماً ركع قائماً.

الراوي: عَبْد اللَّهِ بْن شَقِيقٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2501 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (882): م.

## বাংলা

২৫০১. আব্দুল্লাহ বিন শাকীক থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, "তিনি দীর্ঘরাত বসে সালাত আদায় করতেন এবং দীর্ঘরাত দাঁড়িয়ে সালাত আদায় করতেন। যখন তিনি বসে সালাত আদায় করতেন, তখন তিনি বসে রুকু' করতেন, আবার যখন তিনি দাঁড়িয়ে সালাত আদায় করতেন, তখন তিনি দাঁড়িয়ে রুকু' করতেন।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩০; সহীহ মুসলিম: ৭৩০; তিরমিযী: ৩৭৫; আবূ দাউদ: ১২৫১; নাসাঈ: ৩/২২০; ইবনু মাজাহ: ১২২৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন